## কলকাতা মেট্রোর নতুন জেনারেল ম্যানেজার

**নিজস্ব প্রতিনিধি**— রেল মন্ত্রকের পক্ষ থেকে কলকাতা মেট্রো রেলের নতুন জেনারেল ম্যানেজার হিসেবে নিযুক্ত হলেন শুভ্রাংশু শেখর মিশ্র। তিনি মিলিন্দ কে. দেওউসকর-এর জায়গায় পদাধিকারী হলেন। নতুন জেনারেল ম্যানেজার শুভ্রাংশু শেখর মিশ্র এর আগে তিনি কপূরথলায় রেল কোচ ফ্যাক্টরির জেনারেল ম্যানেজার ছিলেন।

জানা গিয়েছে, আইআইটি চেন্নাই থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করা মিশ্র ১৯৮৮ ব্যাচের ভারতীয় রেলওয়ে সার্ভিস অফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স-এর আধিকারিক ছিলেন। দীর্ঘ সাড়ে তিন দশকের বেশি সময় ধরে ভারতীয় রেলে কাজের অভিজ্ঞতা রয়েছে তাঁর। বিভিন্ন জোনাল রেল, প্রোডাকশন ইউনিট এবং রেল বিকাশ নিগম লিমিটেডের একাধিক গুরুত্বপূর্ণ দায়িত্ব সামলেছেন তিনি।

কর্মজীবনে শুভ্রাংশু শেখর মিশ্র ছিলেন ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরি, চেন্নাইয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারের মুখ্য অধ্যক্ষ। পাশাপাশি তিনি লাটুর আইসিএফ-এর মুখ্য প্রশাসনিক আধিকারিক, সেকেন্দরাবাদের মুখ্য রোলিং স্টক ইঞ্জিনিয়ার এবং ভুবনেশ্বর, বিশাখাপত্তনম, খড়গপুরসহ নানা জায়গায় বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব সামলেছেন। রেলের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং রোলিং স্টকের রপ্তানি নিয়ে কাজের জন্য তাঁর অবদান বিশেষভাবে উল্লেখযোগ্য।

পুরো কর্মজীবনে তিনি একাধিক পুরস্কারে ভূষিত হয়েছেন। দক্ষ ব্যবস্থাপনা ও নতুন ভাবনা প্রয়োগের জন্য রেল দপ্তরে বিশেষভাবে পরিচিত শুভ্রাংশু শেখর। রেল মন্ত্রকের দাবি, তাঁর নেতৃত্বে কলকাতা মেট্রো পরিষেবা ও দক্ষতার নতুন দিগন্তে পৌঁছবে।

# নিয়োগ দুর্নীতি মামলায় জামিন বহাল চন্দ্রনাথের

**নিজস্ব প্রতিনিধি**— নিয়োগ দুর্নীতি মামলায় স্বস্তি পেলেন রাজ্যের কারামন্ত্রী চন্দ্রনাথ সিনহা। ইডির মামলায় অন্তর্বর্তীকালীন জামিন বহাল রাখল ব্যাঙ্কশাল আদালত। মন্ত্রীর জামিনের বিরোধিতা করে ইডি যে আর্জি জানিয়েছিল, তা খারিজ করে দিলেন বিচারপতি। তবে আরও দু'দিন তাঁকে ইডি দপ্তরে হাজিরা দিতে হবে। সেই সঙ্গে কেন্দ্রীয় সংস্থাকে তদন্তে সহযোগিতা করার নির্দেশ দেওয়া হয়েছে। ফলে পুজোর মুখে আপাতত স্বস্তি পেলেন কারামন্ত্রী চন্দ্রনাথ সিনহা। তবে আদালত জানিয়েছে, জামিন পেলেও আপাতত নিজের বিধানসভা কেন্দ্র এবং কলকাতার বাইরে কোথাও যেতে পারবেন না মন্ত্রী। যতদিন পর্যন্ত শুনানি চলবে, ততদিন এই নিয়ম মানতে হবে।

প্রসঙ্গত, প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় চন্দ্রনাথের নামে চার্জশিট জমা দিয়েছিল ইডি। পার্থ চট্টোপাধ্যায়ের পর চন্দ্রনাথকেই প্রথম মন্ত্রী হিসাবে ইডি চার্জশিট দেয়। মন্ত্রীকে হেফাজতে নিয়ে ইডি জিজ্ঞাসাবাদ করতে চেয়েছিল। গত ৬ সেপ্টেম্বর চন্দ্রনাথ সিনহা বিচারভবনে ইডির বিশেষ আদালতে গিয়ে আত্মসমর্পণ করেন। সেই সঙ্গে জামিনের আবেদনও করেন। ব্যক্তিগত বন্ডে তাঁর জামিনের আবেদন মঞ্জুর করা হয়েছিল।

বুধবার আদালতের নির্দেশ অনুসারে, চন্দ্রনাথ সিনহার জামিন বহাল থাকছে। এই মুহূর্তে ইডি তাঁকে হেফাজতে নেবে না। বৃহস্পতি এবং শুক্রবার অর্থাৎ ২৫ ও ২৬ সেপ্টেম্বর-- এই দু'দিন মন্ত্রীকে ইডি দপ্তরে হাজিরার নির্দেশ দেয়। তাঁর বিরুদ্ধে অবশ্য কোনও কঠোর পদক্ষেপ করা যাবে না বলেও জানানো হয়েছে। সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জিজ্ঞাসাবাদ চলবে। দু'দিনের জিজ্ঞাসাবাদে সন্তুষ্ট না হলে কারামন্ত্রীকে ফের সমন পাঠাতে পারবে ইডি।

প্রসঙ্গত, গত বছরের মার্চে মন্ত্রীর বোলপুরের বাড়িতে তল্লাশি চালিয়েছিল ইডি। নগদ ৪১ লক্ষ টাকা বাজেয়াপ্ত করা হয়েছিল। সেই সময় তাঁকে গ্রেপ্তার করা হয়নি। গত শনিবার ইডির আইনজীবী আদালতে জানান, 'তখন রাজ্যের কারামন্ত্রীকে গ্রেপ্তার করা হলে তাঁর সঙ্গে যুক্ত ব্যক্তিরা সতর্ক হয়ে যেতেন। ওঁর লার্জার কানেকশন আছে। আমরা বাকি তথ্য পেতাম না। এখন আমরা সব তথ্য জোগাড় করেছি। তাই হেফাজতে চাইছি।' আদালত থেকে বেরিয়ে চন্দ্রনাথ বলেন, 'আদালতের উপর আমার আস্থা রয়েছে। ভবিষ্যতেও থাকবে। জ্ঞানত কোনও অন্যায় করিনি। বিচারব্যবস্থা সঠিক সিদ্ধান্ত নিয়েছে।' আদালতের নির্দেশের পর কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে তোপ দাগেন তৃণমূল নেতা জয়প্রকাশ মজুমদার। রাজ্যের ভাবমূর্তিতে কালো দাগ লাগাতে ইডি উঠেপড়ে লেগেছে বলে তিনি অভিযোগ করেন।

## তৃণমূল নেতার বাড়িতে বিস্ফোরণ

**নিজস্ব সংবাদদাতা, বর্ধমান, ২৪ সেপ্টেম্বর**— পুজোর আগে দিনহাটার তৃণমূল নেতার বাড়িতে বোমা বিস্ফোরণ। বিস্ফোরণের ফলে এলাকার বাসিন্দাদের মধ্যে আতঙ্কের পরিস্থিতি সৃষ্টি হয়। ঘটনাটি ঘটেছে দিনহাটার ২ নম্বর ব্লকের সাহেবগঞ্জ গ্রাম পঞ্চায়েত এলাকায়। মঙ্গলবার গভীর রাতে গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধান কোহিনুর খাতুন বিবি ও ব্লক তৃণমূল মাইনোরিটি সেলের সভাপতি মোজাফফর রহমান মিন্টুর বাড়িতে আচমকা বিকট শব্দে বিস্ফোরণ হয়। রাত ২ টো নাগাদ বিস্ফোরণটি হয়। বিকট শব্দ শুনতে পেয়ে মিন্টু বাড়ির বাইরে বেরিয়ে আসলে দেখে তাঁর বাড়ির সামনেই বোমা ফেটে বিস্ফোরণ হয়েছে। ঘটনার পর সাহেবগঞ্জ থানায় খবর দেওয়া হয়। ঘটনাস্থলে তদন্ত শুরু করে সাহেবগঞ্জ থানার পুলিশ। ঘটনাস্থল ঘিরে দেওয়া হয় পুলিশের তরফে। ঘটনাস্থল থেকে একটি বোমাও উদ্ধার করে নিয়ে যায় পুলিশ।

পাশাপাশি অন্য একটি বিস্ফোরণ হয়েছে সাহেবগঞ্জ বাজার ও নতুন বিডিও অফিসের সামনে।

# বিহার-ঝাড়খণ্ডের জলে ভাসছে বাংলা: মানস



**নিজস্ব প্রতিনিধি**— বারংবার বাংলায় বন্যার জন্য কেন্দ্রের উদাসীনতা এবং বঞ্চনাকেই দায়ী করলেন রাজ্যের সেচমন্ত্রী মানসরঞ্জন ভুঁইয়া। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সুরেই তাঁর স্পষ্ট বক্তব্য, বন্যা নিয়ন্ত্রণ থেকে ড্রেজিং— প্রত্যেক খাতেই কেন্দ্রের বরাদ্দ শূণ্য। তবে মন্ত্রীর মত, বাংলা নদীমাতৃক রাজ্য হওয়ার দরুন এ রাজ্যে দুর্যোগের প্রভাব বেশি। তার উপর দোসর পার্শ্ববর্তী রাজ্যগুলির বিপুল জলরাশি! বুধবার সাংবাদিক বৈঠক করে মানস বলেন, 'দিল্লি, উত্তরাখণ্ডে ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয় চলছে। সেই রাজ্যগুলির জন্য তো আমরা অপপ্রচার করিনি! বরং সহানুভূতিশীল হয়েছি। মানুষের মৃত্যু এবং প্রকৃতির রোষ রাজনৈতিক বিষয় হতে পারে না। কেন বাংলা বারবার প্লাবিত হয়? উত্তরাখণ্ড, উত্তরপ্রদেশ, বিহার, ঝাড়খণ্ডের বিপুল জলরাশি ফারাক্কা পেরিয়ে ধাক্কা দিচ্ছে মালদহ-মুর্শিদাবাদকে। গঙ্গা, পদ্মায় জলস্তর বাড়ছে। উত্তরাখণ্ড-বিহারের জল বাংলাকে প্লাবিত করছে কারণ পশ্চিমবঙ্গের ভূপ্রকৃতিই এমন।' এরপরই কটাক্ষের সুরে মন্ত্রীর খোঁচা, 'বিরোধীরা, একটু ভূগোল পড়ুন। বাংলার ভূপ্রকৃতি কেমন, তা জানুন।'

কলকাতার বানভাসী পরিস্থিতি নিয়ে বিরোধীদের কুৎসা অব্যাহত। বিশেষজ্ঞ মহলের মত, এই বিপুল পরিমাণ বৃষ্টি সামলানোর মত পরিকাঠামো কেবল কলকাতা নয়, ভারতের কোনো শহরেই নেই। এর প্রেক্ষিতে তথ্য তুলে মন্ত্রী বলেন, 'এত বৃষ্টি এবং বজ্রপাত আমি আমার কর্মজীবনে দেখিনি। বিগত তিনদিন ধরে মুখ্যমন্ত্রী-সহ প্রত্যেক আপৎকালীন দপ্তর রাত জেগে কাজ করছে। কলকাতার জল নামতে শুরু করেছে কারণ গঙ্গার জলস্তর কমেছে। যাঁরা বাংলা নিয়ে কুৎসা করছেন, তাঁরা দিল্লির জলসম্পদ দপ্তরে গিয়ে খোঁজ নিন ২০১৫-র পর বন্যা নিয়ন্ত্রণে বাংলাকে কত টাকা দেওয়া হয়েছিল? যাঁরা প্রাকৃতিক দুর্যোগ নিয়েও কুৎসা করছেন, তাঁরা বাংলার স্বার্থে ভাবেন?' মন্ত্রী সংযোজন, 'কান্দির জন্য ১০৩ কোটি এবং কেলেঘাইয়ের জন্য ১৬০ কোটি টাকা এখনও বকেয়া। তৎকালীন কেন্দ্রীয় মন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রণব মুখোপাধ্যায়ের সঙ্গে বৈঠক করে ফারাক্কা বাঁধের জন্য একটি পরিকাঠামোর ঘোষণা করেছিলেন। এরপর নরেন্দ্র মোদীর সরকার ফারাক্কা ড্রেজিং করান? ২০২১-২৩ পর্যন্ত ২৩১ কিলোমিটার কলকাতার খাল ড্রেজিং করা হয়েছে। বর্তমানে ৪২ কোটি টাকার খরচে ৮৮ কিলোমিটার কলকাতার খাল ড্রেজিংর কাজ চলছে।' এমনকি সুন্দরবন ডেল্টা প্রজেক্টের জন্যও কেন্দ্র অনুমতি দিচ্ছে না, এমনই অভিযোগ সেচমন্ত্রীর।



*গড়িয়ার কামডহরী পূর্বপাড়া রিক্রিয়েশন ক্লাবের ঐতিহ্যবাহী পঞ্চদুর্গা-র ৭১তম বর্ষের দুর্গোৎসবের উদ্বোধন করলেন মন্ত্রী অরূপ বিশ্বাস। উপস্থিত ছিলেন বরো চেয়ারম্যান তারকেশ্বর চক্রবর্তী ও পৌর প্রতিনিধি গোপাল রায়।*

THIS IS A PUBLIC ANNOUNCEMENT FOR INFORMATION PURPOSES ONLY AND IS NOT A PROSPECTUS ANNOUNCEMENT AND DOES NOT CONSTITUTE AN INVITATION OR OFFER TO ACQUIRE, PURCHASE OR SUBSCRIBE TO SECURITIES. THIS PUBLIC ANNOUNCEMENT IS NOT INTENDED FOR PUBLICATION OR DISTRIBUTION, DIRECTLY OR INDIRECTLY OUTSIDE INDIA. INITIAL PUBLIC OFFERING OF EQUITY SHARES ON THE SME PLATFORM OF BSE LIMITED IN COMPLIANCE WITH THE CHAPTER IX OF THE SECURITIES AND EXCHANGE BOARD OF INDIA (ISSUE OF CAPITAL AND DISCLOSURE REQUIREMENTS) REGULATIONS, 2018, AS AMENDED ("SEBI ICDR REGULATIONS").

PUBLIC ANNOUNCEMENT

(Please scan this QR Code to view the Draft Red Herring Prospectus )

INJECTO POLYMERS LIMITED

Corporate Identification Number: U28113WB1998PLC087875

Our Company was incorporated on September 4, 1998 in the name and style of "Injecto Polymers Private Limited" under the provisions of the Companies Act, 1956 vide Certificate of Incorporation bearing CIN: U28113WB1998PTC087875 issued by the Registrar of Companies, Kolkata. Further, our Company was converted into a Public Limited Company pursuant to Special Resolution passed by the Shareholders of our Company at the Extra- Ordinary General Meeting held on March 27, 2024 and consequently the name of our Company was changed from "Injecto Polymers Private Limited" to "Injecto Polymers Limited" and a fresh certificate of incorporation dated July 8, 2024 pursuant to conversion from Private Limited Company to Public Limited Company was issued by the Registrar of Companies, Central Registration Centre bearing CIN: U28113WB1998PLC087875. For further details of our company please refer to section titled *"Our History and Certain Other Corporate Matters"* beginning on page No. 159 of the Draft Red Herring Prospectus.

**Registered Office:** 5th Floor, Room No. 2, Gate No. 3, Poddar Court, 18, Rabindra Sarani, Lalbazar, Kolkata 700001, West Bengal, India
**Contact Person:** Ms. Chaman Chhajer, Company Secretary and Compliance Officer; **Telephone No.:** +91 (033) 22378167; **Website:** www.injectopolymers.in
**E-Mail:** cs@injectopolymers.in

OUR PROMOTERS: RAMESH KUMAR RATERIA, ASHOK KUMAR RATERIA, SUMAN FINANCIAL ADVISORY PRIVATE LIMITED, SUMAN TOWERS PRIVATE LIMITED, VINAYAK TIE-UP PRIVATE LIMITED, NIVEDEEKA COMMERCIAL PRIVATE LIMITED AND BHAGYASHRI TRADING PRIVATE LIMITED

DETAILS OF THE ISSUE

**INITIAL PUBLIC ISSUE OF UPTO 56,13,500 EQUITY SHARES OF FACE VALUE ₹ 10/- EACH OF INJECTO POLYMERS LIMITED ("INJECTO" OR THE "COMPANY" OR THE "ISSUER") FOR CASH AT AN ISSUE PRICE OF ₹ [•]/- PER EQUITY SHARE ("ISSUE PRICE") INCLUDING A SHARE PREMIUM OF [•]/- PER EQUITY SHARE), AGGREGATING TO ₹ [•] LAKHS ("THE ISSUE"), OUT OF WHICH, [•] EQUITY SHARES OF FACE VALUE OF ₹ 10/- EACH FOR CASH AT A PRICE OF ₹ [•]/- PER EQUITY SHARE AGGREGATING TO ₹ [•] LAKHS WILL BE RESERVED FOR SUBSCRIPTION BY MARKET MAKER ("MARKET MAKER RESERVATION PORTION"). THE ISSUE LESS THE MARKET MAKER RESERVATION PORTION I.E. ISSUE OF [•] EQUITY SHARES OF FACE VALUE OF ₹ 10/- EACH AT AN ISSUE PRICE OF ₹ [•] PER EQUITY SHARE AGGREGATING UP TO ₹ [•] ("NET ISSUE"). THE ISSUE AND THE NET ISSUE WILL CONSTITUTE [•] AND [•] OF THE POST-ISSUE PAID-UP EQUITY SHARE CAPITAL OF OUR COMPANY. FOR FURTHER DETAILS, PLEASE REFER TO CHAPTER TITLED *"TERMS OF THE ISSUE"* BEGINNING ON PAGE 300 OF THIS DRAFT RED HERRING PROSPECTUS.**

**THE MINIMUM BID LOT WILL BE TWO LOTS AND THE PRICE BAND WILL BE DECIDED BY OUR COMPANY IN CONSULTATION WITH THE BOOK RUNNING LEAD MANAGER AND WILL BE ADVERTISED IN ALL EDITIONS OF [•] (A WIDELY CIRCULATED ENGLISH NATIONAL DAILY NEWSPAPER), ALL EDITIONS OF [•] (A WIDELY CIRCULATED HINDI NATIONAL DAILY NEWSPAPER) AND ALL EDITIONS OF [•] (A WIDELY CIRCULATED BENGALI NEWSPAPER, BENGALI BEING REGIONAL LANGUAGE OF KOLKATA, WHERE OUR REGISTERED OFFICE IS LOCATED) EACH WITH WIDE CIRCULATION, AT LEAST TWO WORKING DAYS PRIOR TO THE BID/ISSUE OPENING DATE AND SHALL BE MADE AVAILABLE TO THE SME PLATFORM OF BSE LIMITED ("BSE SME") FOR THE PURPOSES OF UPLOADING ON ITS WEBSITE IN ACCORDANCE WITH THE SEBI ICDR REGULATIONS. FOR FURTHER DETAILS KINDLY REFER TO CHAPTER TITLED *"TERMS OF THE ISSUE"* BEGINNING ON PAGE NO. 300 OF THIS DRAFT RED HERRING PROSPECTUS.**

In case of any revision in the Price Band, the Bid/Issue Period will be extended by at least three additional Working Days after such revision in the Price Band, subject to the Bid/ Issue Period not exceeding 10 Working Days. In cases of force majeure, banking strike or similar circumstances, our Company may, for reasons to be recorded in writing, extend the Bid/Issue Period for a minimum of One Working Day, subject to the Bid/Issue Period not exceeding 10 Working Days. Any revision in the Price Band and the revised Bid/Issue Period, if applicable, shall be widely disseminated by notification to the Stock Exchanges, by issuing a press release, and also by indicating the change on the respective websites of the BRLM and at the terminals of the members of the Syndicate and by intimation to Designated Intermediaries and the Sponsor Bank, as applicable.

This Issue is being made through the Book Building Process, in terms of Rule 19(2)(b) of the Securities Contracts (Regulation) Rules, 1957, as amended ("**SCRR**") read with Regulation 229 of the SEBI ICDR Regulations and in compliance with Regulation 253 of the SEBI ICDR Regulations read with SEBI ICDR (Amendment) Regulations, 2025, wherein not more than 50.00% of the Net Issue shall be available for allocation on a proportionate basis to Qualified Institutional Buyers ("**QIBs**") (the "**QIB Portion**") provided that our Company in consultation with the BRLM may allocate up to 60.00% of the QIB Portion to Anchor Investors on a discretionary basis ("**Anchor Investor Portion**"). One-third of the Anchor Investor Portion shall be reserved for domestic Mutual Funds, subject to valid Bids being received from the domestic Mutual Funds at or above the Anchor Investor Allocation Price in accordance with the SEBI ICDR Regulations. In the event of under-subscription or non-allocation in the Anchor Investor Portion, the balance Equity Shares shall be added to the QIB Portion (other than the Anchor Investor Portion) ("**Net QIB Portion**"). Further, 5.00% of the Net QIB Portion shall be available for allocation on a proportionate basis to Mutual Funds only, and the remainder of the Net QIB Portion shall be available for allocation on a proportionate basis to all QIB Bidders, including Mutual Funds, subject to valid Bids being received at or above the Issue Price. However, if the aggregate demand from Mutual Funds is less than 5.00% of the Net QIB Portion, the balance Equity Shares available for allocation in the Mutual Fund Portion will be added to the remaining Net QIB Portion for proportionate allocation to QIBs. Further, not less than 15.00% of the Net Issue shall be available for allocation on a proportionate basis to Non-Institutional Investors out of (a) one third of the portion available to non-institutional investors shall be reserved for applicants with application size of more than two lots and up to such lots equivalent to not more than ₹10 lakhs (b) two third of the portion available to non-institutional investors shall be reserved for applicants with application size of more than ₹10 lakhs. Provided that the unsubscribed portion in either of the sub-categories specified in clauses (a) or (b) may be allocated to applicants in the other sub-category of non-institutional investors and not less than 35.00% of the Net Issue shall be available for allocation to Individual Investors who applies for minimum application size in accordance with the SEBI ICDR Regulations read with SEBI ICDR (Amendment) Regulations, 2025, subject to valid Bids being received from them at or above the Issue Price. All Bidders are required to participate in the Issue by mandatorily utilizing the Application Supported by Blocked Amount ("**ASBA**") process by providing details of their respective ASBA Account (as defined hereinafter) in which the corresponding Bid Amounts will be blocked by the Self Certified Syndicate Banks ("**SCSBs**") or under the UPI Mechanism, as the case may be, to the extent of respective Bid Amounts. For details, see *"Issue Procedure"* on page No. 318 of this Draft Red Herring Prospectus.

All potential investors shall participate in the Issue through an Application Supported by Blocked Amount ("**ASBA**") process including through UPI mode (as applicable) by providing details about the bank account which will be blocked by the Self Certified Syndicate Banks ("**SCSBs**") for the same. For details in this regard, specific attention is invited to *"Issue Procedure"* on page No. 318 of this Draft Red Herring Prospectus. A copy of Red Herring Prospectus will be delivered to the Registrar of Companies for filing in accordance with Section 32 of the Companies Act, 2013. Provided further that for the purpose of public issue by an issuer to be listed /listed on SME exchange made in accordance with Chapter IX of these regulations, the words "retail individual investors" shall be read as words "individual investors who applies for minimum application size".

In relation to above, the DRHP filed with BSE shall be made available to the public for comments, if any, for a period of atleast 21 days, from the date mentioned below by hosting it on the respective websites of the Stock Exchange i.e., BSE at www.bseindia.com, website of the Company at www.injectopolymers.in and the websites of the book running lead manager ("**BRLM**") to the Issue at www.indcap.in

Our Company hereby invites the members of the public to give comments on the DRHP filed with BSE with respect to disclosures made in the DRHP. The members of the public are requested to send a copy of their comments to BSE and/or to the Company Secretary and Compliance Officer (cs@injectopolymers.in) of our Company and/or the BRLM to the Issue at their respective address mentioned herein below in relation to the Issue on or before 5:00 p.m. on the 21st day, i.e. 21 days from the date of filing of *"Issue Document"* with SME Platform of BSE Limited ("**BSE SME**").

Investments in Equity and Equity-related securities involve a degree of risk and investors should not invest any funds in this Issue unless they can afford to take the risk of losing their entire investment. Investors are advised to read the risk factors carefully before taking an investment decision in the Issue. For taking an investment decision, investors must rely on their own examination of our Company and the Issue including the risks involved. The Equity Shares offered in the issue have not been recommended or approved by the Securities and Exchange Board of India ("**SEBI**"), nor does SEBI guarantee the accuracy or adequacy of the Draft Red Herring Prospectus. Specific attention of the investors is invited of the section titled *"Risk Factors"* beginning on page No. 29 of this Draft Red Herring Prospectus.

Any decision to invest in the Equity Shares described in the DRHP may only be made after the Red Herring Prospectus (RHP) has been filed with the RoC and must be made solely on the basis of such RHP as there may be material changes in the RHP from the Draft Red Herring Prospectus.

The Equity Shares, when Issued, through the RHP, are proposed to be listed on the SME Platform of BSE Limited ("**BSE SME**" or "**BSE**").

For details of the main objects of our Company as contained in its Memorandum of Association, see *"History and Certain Corporate Matters"* on page 159 of the DRHP. The liability of the members of our Company is limited. For details of the share capital, capital structure of our Company, the names of the signatories to the Memorandum of Association and the number of shares of our Company subscribed by them of our Company, please see *"Capital Structure"* beginning on page 72 of the DRHP.

| BOOK RUNNING LEAD MANAGER TO THE ISSUE | REGISTRAR TO THE ISSUE |
|---|---|
| Indcap Advisors<br>Enabling Growth \| Creating Value<br>**Indcap Advisors Private Limited**<br>**Address:** Suite 1201, 12th Floor, Aurora Waterfront, GN 34/1, Sector 5, Salt Lake City, Kolkata 700091<br>**Telephone:** 033 4069 8001; **Email ID:** smeipo@indcap.in<br>**Website:** http://www.indcap.in/; **Investor Grievance E-mail:** investors@indcap.in<br>**Contact Person:** Shraddha Khanna; **SEBI Registration Number:** INM00013031 | INTEGRATED<br>CORPORATE SOLUTIONS SIMPLIFIED<br>**Integrated Registry Management Services Private Limited**<br>**Address:** No 30 Ramana Residency, 4th Cross Sampige Road, Malleswaram, Bengaluru 560003<br>**Tel. No.:** +91 080-23460815 to 23460819<br>**Email:** irg@integratedindia.in; **Website:** www.integratedregistry.in<br>**Contact Person:** S Giridhar; **SEBI Registration Number:** INR000000544 |

All capitalized terms used herein and not specifically defined shall have the same meaning as ascribed to them in the Draft Red Herring Prospectus.

On behalf of Board of Directors
FOR INJECTO POLYMERS LIMITED
Sd/-
Mr. Ramesh Kumar Rateria
Designation: Chairman & Managing Director

Date: September 24, 2025
Place: KOLKATA

**INJECTO POLYMERS LIMITED** is proposing, subject to receipt of requisite approvals, market conditions and other considerations, to make an initial public offer of its Equity Shares and has filed the DRHP dated September 22, 2025 with BSE on September 23, 2025 The DRHP shall be available on the website of the BSE at www.bseindia.com and is available on website of the Company i.e. www.injectopolymers.in, website of the BRLM to the Issue, Indcap Advisors Private Limited at www.indcap.in. Potential investors should note that investment in equity shares involves a high degree of risk and for details relating to such risks, please see the section entitled *"Risk Factors"* on page 29 of the DRHP and the details as may be set out in the RHP, when filed. Potential investors should not rely on the DRHP for making any investment decision.

This announcement has been prepared for publication in India and may not be released in the United States. This announcement does not constitute an issue of securities for sale in any jurisdiction, including the United States, and any securities described in this announcement may not be offered or sold in the United States absent registration under the U.S. Securities Act of 1933 or an exemption from registration Any public offering of securities to be made in the United States will be made by means of a prospectus that may be obtained from the Company and that will contain detailed information about the Company and management, as well as financial statements. However, the securities described in this announcement are not being offered or sold in the United States.

KIRIN ADVISORS

# টেট উত্তীর্ণদের রাস্তা অবরোধ বারাসতে

**নিজস্ব সংবাদদাতা, বারাসত, ২৪ সেপ্টেম্বর**— প্রাথমিকে চাকরির দাবিতে ফের উত্তাল বারাসত। বুধবার দুপুরে ২০২২ সালের টেট উত্তীর্ণ চাকরিপ্রার্থীরা আচমকা বিক্ষোভ শুরু করতেই বারাসতের যশোর রোড কার্যত রণক্ষেত্রের চেহারা নেয়। মিছিল করে স্টেশন থেকে যশোর রোডে এসে রাস্তায় বসে পড়েন তাঁরা। মুহূর্তে ব্যস্ত রাস্তা স্তব্ধ হয়ে যায়। ঠিক তখনই ওই পথে যাচ্ছিলেন দমদমের সাংসদ সৌগত রায় ও পানিহাটির বিধায়ক নির্মল ঘোষ। বিক্ষোভকারীদের ঘেরাটোপে পড়ে প্রায় আধঘণ্টা তাঁদের গাড়ি আটকে থাকে।

অবরোধে দাঁড়িয়ে থাকা গাড়ি থেকে দুই জনপ্রতিনিধিকে ঘিরে তীব্র স্লোগান ওঠে—'চাকরি চাই, প্রতিশ্রুতি পূরণ করতেই হবে'। আন্দোলনকারী-দের অভিযোগ, তিন বছর আগে টেট পরীক্ষায় উত্তীর্ণ হলেও এখনও নিয়োগ হয়নি। শিক্ষামন্ত্রীর কাছ থেকে একাধি-কবার আশ্বাস মিললেও ফল মেলেনি। বরং ২০২৩ সালের টেটের ফল প্রকাশ হওয়ায় তাঁদের আশঙ্কা, নতুন প্যানেল তৈরি হলে পুরনোদের নিয়োগ আরও পিছিয়ে যাবে।

এদিনে আন্দোলনের সময় ঘটনাস্থলে বিশাল পুলিশবাহিনী পৌঁছয়। বারবার আলোচনার চেষ্টা করেও বিক্ষোভকারীদের সরানো যায়নি। অবশেষে লাঠিচার্জ করে আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করে পুলিশ। তীব্র ধস্তাধস্তিতে উত্তেজনা ছড়ায়। আহত হন বেশ কয়েকজন বিক্ষোভকারী। পরে সৌগত রায় ও নির্মল ঘোষকে নিরাপদে বের করে নিয়ে যায় পুলিশবাহিনী।

যদিও ঘটনার পর সাংসদ বা বিধায়ক কেউই প্রকাশ্যে কোনও প্রতিক্রিয়া দিতে চাননি। কিন্তু বিক্ষোভকারীরা স্পষ্ট জানিয়েছেন, 'পুজোর আগেই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। নইলে আন্দোলন আরও বড় আকার নেবে।'

স্থানীয়রা জানিয়েছেন, হঠাৎ বিক্ষোভে রাস্তায় আটকে পড়ে সাধারণ মানুষও ব্যাপক ভোগান্তির শিকার হন। ঘণ্টাখানেক ধরে দাঁড়িয়ে থাকতে হয় বহু যাত্রীবাহী গাড়ি ও অ্যাম্বুল্যান্সকে।

২০২২ সালের টেট উত্তীর্ণদের দাবি, এখনই যদি নিয়োগ শুরু না হয়, তবে দীর্ঘ প্রতীক্ষার বোঝা সহ্য করা সম্ভব নয়। তাই আন্দোলনের ঝড় যে পুজোর মরসুমেও থামবে না, তার স্পষ্ট ইঙ্গিত দিলেন চাকরিপ্রার্থীরা।

# বাড়ছে মেট্রোর স্মার্ট কার্ডের সুবিধা



**নিজস্ব প্রতিনিধি**— পুজোর আগেই কলকাতা মেট্রো তাদের নিত্যযাত্রীদের নতুন উপহার দিয়েছে। মেট্রো কর্তৃপক্ষের পক্ষ থেকে জানা গিয়েছে, মেট্রোর স্মার্ট কার্ডের সুবিধা আরও বাড়ানো হয়েছে। এখন এই কার্ডের বৈধতা থাকবে ১০ বছর। তার উপর বাড়তি পাওনার মতো স্মার্ট কার্ডের দামও কমবে। ২৫ সেপ্টেম্বর থেকেই এই সুবিধা উপলব্ধ হবে।

সম্প্রতি মেট্রোর একাধিক জটিলতা দেখা গেলেও কলকাতা মেট্রো শহরের এক প্রান্ত থেকে অপর প্রান্তের পরিবহনের অন্যতম ভরসাযোগ্য মাধ্যম। জানা গিয়েছে গত কয়েক মাসে ৫০ হাজারেরও বেশি স্মার্ট কার্ড বিক্রি হয়েছে। অর্থাৎ মানুষ মেট্রোর উপর আরও বেশি নির্ভরশীল হয়ে পড়ছে। স্মার্ট কার্ডের নতুন এই সুবিধা চালু হলে যাত্রীররা আরও বেশি স্মার্ট কার্ড নেবে বলে মনে করা হচ্ছে। বুকিং কাউন্টার এবং এএসসিআরএম মেশিন এই দুই জায়গা থেকে যাত্রীরা স্মার্ট কার্ড পেতে পারেন। এই কার্ডের ব্যবহার বাড়লে মেট্রো চত্বরে ভিড় কিছুটা কমবে।

নতুন স্মার্ট কার্ডে বেশ কিছু বদল এসেছে। এই স্মার্ট কার্ডের ন্যূনতম ইস্যু প্রাইস কমে হয়েছে ১০০ টাকা যার মধ্যে সিকিউরিটি ডিপোজিট ৫০ টাকা, রাইড ভ্যালু ৫২ টাকা এবং বোনাস ২ টাকা। এর আগে রিফান্ডযোগ্য সিকিউরিটি ডিপোজিট ৮০ টাকা ছিল। বর্তমানে হয়েছে ৫০ টাকা। কার্ডের বৈধতা ১ বছর থেকে বেড়ে হয়েছে ১০ বছর। বৈধ কার্ডগুলির মেয়াদ রিচার্জের সময়ও ১০ বছর বাড়ানো হয়েছে। নতুন কার্ডগুলি দিয়ে প্রথম মেট্রো গেট ব্যবহার করার সময় থেকে কার্ডের বৈধতার দিন হিসেবে হবে। এছাড়াও থাকছে আগের মতো ৫ % বোনাসের সুবিধা।

## আত্মহত্যা রুখতে কাউন্সেলর নিয়োগ আইআইটি খড়্গাপুরে

**নিজস্ব প্রতিনিধি**— আইআইটি খড়্গপুরে চলতি বছরে একাধিক ছাত্র-ছাত্রীদের আত্মহত্যার ঘটনায় দুশ্চিন্তায় ছিলেন কলেজ কর্তৃপক্ষ। সোমবার কর্তৃপক্ষের পক্ষ থেকে জানা গিয়েছে, কলেজের পড়ুয়াদের মানসিক অবস্থা পর্যবেক্ষণ করতে ১০ জন দক্ষ নতুন কাউন্সেলর নিয়োগ করা হয়েছে। তাঁরা কলেজের পড়ুয়া, গবেষকদের সঙ্গে কথা বলে তাঁদের মানসিক চাপ বোঝার চেষ্টা করবেন।

আইআইটি খড়্গপুরের ডিরেক্টরের সূত্রে খবর, আগেও এই কলেজে কাউন্সেলর ছিল। কিন্তু চলতি বছরে পরপর আত্মহত্যার ঘটনা ঘটায় ১০ জন আরও দক্ষ কাউন্সেলর নিয়োগ করা হয়েছে। এই কাউন্সেলররা কলেজ পরিদর্শন করে পড়ুয়াদের মনের খবর নেবেন। মূলত তাঁরা পড়ুয়াদের বন্ধু হয়ে উঠে তাঁদের মানসিক স্বাস্থ্য পর্যবেক্ষণ করবেন। সম্প্রতি হোস্টেলের ঘর থেকে রাঁচির বাসিন্দা হর্ষকুমার পাণ্ডের ঝুলন্ত দেহ উদ্ধারের পর নড়ে চড়ে বসে কলেজ কর্তৃপক্ষ। আর তারপরই তাঁরা এই পদক্ষেপ নেন। ডিরেক্টর জানিয়েছেন, হোস্টেলের ঘরে বারকোড দেওয়া থাকবে। সেই কোড স্ক্যান করলেই মিলবে কাউন্সেলরের নম্বর। এছাড়াও মোবাইল অ্যাপ সেতু, 'বোর্ড অফ হোপ' এবং ডিন অফ স্টুডেন্টস ওয়েল বিইং-এর উদ্যোগ চালু করা হয়েছে।



শোভাবাজার রাজবাড়ির ঐতিহ্যবাহী দুর্গোৎসবের উদ্বোধন করলেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম।

# জুনিয়র ডাক্তার অনিকেতের বদলি খারিজ

**নিজস্ব প্রতিনিধি**— আরজি কর আন্দোলনের অন্যতম মুখ অনিকেত মাহাতোর বদলি খারিজ হাইকোর্টে। আরজি কর মেডিক্যালেই পোস্ট দিতে হবে অনিকেতকে এমনটাই নির্দেশ আদালতের। চিকিৎসক অনিকেত মাহাতো রায়গঞ্জে বদলি নিয়ে হাইকোর্টের দ্বারস্থ হন। বুধবার সেই মামলায় বিচারপতি বিশ্বজিৎ বসু রায় দেন। রাজ্যের আপত্তি উপেক্ষা করে এদিন বিচারপতির নির্দেশ আরজি কর মেডিক্যালেই পোস্টিং দিতে হবে অনিকেতকে।

আরজি কর আন্দোলনে যুক্ত ৩ চিকিৎসককে পোস্টিং দেওয়ার বিষয়ে বিতর্ক উঠেছিল। উপযুক্ত র‍্যাঙ্ক থাকা সত্ত্বেও অনিকেত মাহাতোকে রায়গঞ্জে পোস্টিং দেওয়া হয়েছিল। এরপরে এই বিষয়ে হাইকোর্টে মামলা করেন অনিকেত। অনিকেতের বক্তব্য ছিল পছন্দমতো পোস্টিং দেওয়ার জন্য কাউন্সেলিং করা হয়। কিন্তু তা যদি না দেওয়া হয়, তাহলে কাউন্সেলিংয়ের মানেটা কী? এই প্রশ্ন তুলে অনিকেত হাইকোর্টের দ্বারস্থ হয়। আদালতে অনিকেত মাহাতো দাবি করেন, তাঁর র‍্যাঙ্ক ২৪। আরজি কর হাসপাতালে অ্যানাস্থেশিয়া বিভাগে ৪টি শূন্যপদ ছিল। একটি শূন্যপদে মেধাতালিকায় অনিকেতের আগে থাকা একজনকে নিয়োগ করা হয়েছে। দুটি শূন্যপদে ২৬ এবং ৩৪ র‍্যাঙ্ক করা দুই চিকিৎসক নিযুক্ত রয়েছেন। কিন্তু অনিকেত ওই হাসপাতালে নিয়োগ পাননি। অনিকেতের সঙ্গে আরও দুই চিকিৎসক দেবাশিষ হালদার ও আসফাকুল্লা নাইয়াও আদালতের দ্বারস্থ হন। দেবাশিষকে গাজোল ও আসফাকুল্লাকে আরামবাগে পোস্টিং করা হয়। হাইকোর্টে এই মামলা দায়ের করার পর রাজ্যের দাবি ছিল এই মামলাটি স্যাটে পাঠানো হোক। কিন্তু রাজ্যের সেই আবেদন খারিজ করে দেয় হাইকোর্ট। বুধবার এই মামলার শুনানি হয়।